FEB. 2 1 2001

তারিখ

পৃষ্ঠা ৬ কলাম ২

দৈনিক জনকণ্ঠ

# ইবিতে শিবিরের দাপট

## জোরপূর্বক ছাত্র ভর্তি করতে না পেরে শিক্ষক নেতাকে প্রাণনাশের হুমকি

**ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা** ॥ জোরপূর্বক ছাত্র ভর্তি করতে না পেরে ছাত্রশিবিরের দুই কর্মী হত্যার হুমকি দিয়েছে কুষ্টিয়া ইসলামী বিশ্ববিদ্যালয় বঙ্গবন্ধু পরিষদের সভাপতি ফলিত রসায়ন ও রাসায়নিক প্রযুক্তি বিভাগসহ অপর দু'টি বিভাগের চেয়ারম্যান প্রফেসর এম আলাউদ্দিনকে। মঙ্গলবার সকাল ১০টার দিকে ছাত্রশিবিরের এই দুই ক্যাডার প্রফেসর আলাউদ্দিনের কক্ষে সশস্ত্র অবস্থায় প্রবেশ করে অবৈধভাবে এক ছাত্র ভর্তির জোর দাবি জানায়। প্রফেসর আলাউদ্দিন তাদের দাবি নাকচ করে দিলে শিবির ক্যাডাররা তাঁকে দুপুর ১২টা পর্যন্ত সময় বেঁধে দিয়ে বলে, এ সময়ের মধ্যে ভর্তি কার্যক্রম সম্পন্ন না করলে তাঁর মৃত্যু অনিবার্য। এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ও বিজ্ঞান অনুষদের ডিনসহ অন্য গুরুত্বপূর্ণ শিক্ষকদের একটি মিটিং হয়েছে। পরে ছাত্রশিবিরের সাংগঠনিক সম্পাদক ঘটনাটির ব্যাপারে দুঃখ প্রকাশ করে ক্ষমা প্রার্থনা করেন। উল্লেখ্য, প্রফেসর আলাউদ্দিন বিশ্ববিদ্যালয়ের প্রগতিশীল শিক্ষকদের নেতা এবং বীর মুক্তিযোদ্ধা। এ বিশ্ববিদ্যালয়ে প্রগতিশীল চেতনার উন্মেষ ও বিকাশের ক্ষেত্রে তাঁর যথেষ্ট হাত রয়েছে বলে ছাত্রশিবির তাঁর ওপর রুষ্ট। মঙ্গলবার এ ঘটনার চার দিন পূর্বে বিজ্ঞান অনুষদের ডিন ডঃ এম এ সাত্তারের বাসায় মুখোশধারী সন্ত্রাসীরা হামলা চালিয়ে ভাংচুর এবং কাজের ছেলেকে মারধর করে। ক্রমানুযায়ী শিক্ষকদের ওপর হামলা ও হুমকি প্রদর্শনের কারণে অন্য শিক্ষকরা বেশ শঙ্কিত। প্রফেসর এম আলাউদ্দিন স্থানীয় প্রশাসনসহ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সাহায্য চেয়েছেন নিরাপত্তার জন্য।